

## রক্তে আমার অনাদি অস্তি

দিলওয়ার

পদ্মা তোমার ঘৌবন চাই  
যমুনা তোমার প্রেম,  
সুরমা তোমার কাজল বুকের  
পলিতে গলিত হেম।

সাগর দুহিতা এই বাংলার  
নিশিগঙ্কার রাতে  
উর্মি দোদুল জনক আমার  
মিলিছে মায়ের সাথে,  
সূর্যমুখীর সহোদরা এই  
নারীর গর্ভকোষে, -  
বাংলায় আমি জন্ম নিয়েছি  
জাতির স্বর্ণরসে।